

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭১

তারিখ: ৬ আষাঢ় ১৪২৮

২০ জুন ২০২১

বিষয়: বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার দহপাড়া দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসায় আয়া পদে ১(এক) জন এবং নিরাপত্তা কর্মী পদে ১(এক) জনকে অবৈধভাবে নিয়োগ প্রদানের অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব মোছাঃ সুমি খাতুন, পিতা-মোঃ খলিলুর রহমান, গ্রাম-দহপাড়া, ডাকঘর-গাংনগর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার দহপাড়া দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসায় আয়া পদে ১(এক) জন এবং নিরাপত্তা কর্মী পদে ১(এক) জনকে অবৈধভাবে নিয়োগ প্রদানের অভিযোগ এনে জনাব মোছাঃ সুমি খাতুন, পিতা-মোঃ খলিলুর রহমান, গ্রাম-দহপাড়া, ডাকঘর-গাংনগর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া এর এ বিভাগে আবেদন দাখিল করেছেন।

২.০ আবেদনে জানানো হয়েছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার দহপাড়া দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ আলী নব-সৃষ্ট আয়া পদে ১(এক) জন এবং নিরাপত্তা কর্মী পদে ১(এক) জনকে নিয়োগদানের নিমিত্ত গত ১৪.০১.২০২০ তারিখে স্থানীয় পত্রিকা 'দৈনিক সাতমাথা এবং ১৫.০১.২০২০ তারিখের দৈনিক সংগ্রাম পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করেন। তৎপ্রেক্ষিতে আয়া পদে ০৮(আট) জন এবং নিরাপত্তা কর্মী পদে ৬(ছয়) জন প্রার্থী আবেদন করেন।

৩.০ আয়া পদে ০৮(আট) জন প্রার্থীর মধ্যে ০৩(তিন) জনকে প্রবেশ পত্র না দিয়ে নিয়োগ বোর্ড গঠন, সাক্ষাৎকার গ্রহণপূর্বক নিয়োগের সুপারিশ করা হয়। জালিয়াতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ করে তার প্রতিকার চেয়ে অভিযোগকারী জনাব মোছাঃ সুমি খাতুন সহকারী জজ আদালত, শিবগঞ্জ, বগুড়ায় ১০৮/২০২০ মামলা দায়ের করেন। এছাড়াও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের গত ০৯.০৭.২০২০খ্রি. তারিখের ৫৭.২৫.০০০০.০০৪.০২.০২৩.১৬.৩৯৪ সংখ্যক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্রটি যথাযথ অনুসরণ করা হয়নি।

৪.০ এমতাবস্থায়, বর্ণিত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৫ (পনের) পাতা।

২০-৬-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব


মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা
অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭১/১(৪)

তারিখ: ৬ আষাঢ়. ১৪২৮
২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের
অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



২০-৬-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব